১

স্নাতকোত্তর পরীক্ষা ২০২২

বাংলা

সেমেস্টার ১: কোর্স ১

বাংলা সাহিত্যের ইতিহাস (চর্যাপদ থেকে প্রাক- ফোর্ট উইলিয়াম)

সময়: ৩ ঘণ্টা পূর্ণমান: ৪০

প্রশ্নের মান দক্ষিণপ্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর প্রদান আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

## একক ১

১। জয়দেবের 'গীতগোবিন্দ' ও বড়ু চন্ডীদাসের 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য যে ভিন্ন ভিন্ন শ্রোতাগোষ্ঠীর জন্য রচিত, তা কাব্যদুটির ভাবগত রূপগত বিশ্লেষণের মাধ্যমে প্রতিষ্ঠা করো। শ্রোতাগোষ্ঠীর এই ভিন্নতা কাব্যবিচারের ক্ষেত্রে বাংলা সাহিত্যের ইতিহাসকারদের কীভাবে প্রভাবিত করেছে, তা আলোচনা করো। ৫+৫= ১০

২। কৃত্তিবাসের রামায়ণ অনুবাদে বাঙালি জীবন ও সংস্কৃতির যে পরিচয় পাওয়া যায়, তা আলোচনা করো। ১০

৩। বিপ্রদাস পিপিলাই-এর 'মনসামঙ্গল' কাব্যের অভিনবত্ব ও স্বাতন্ত্র্য কোথায়, তা বিশ্লেষণ করে দেখাও। ১০

## একক ২

৪। জয়ানন্দ রচিত 'চৈতন্যমঙ্গল' কাব্যের স্বাতন্ত্র্য ও গুরুত্ব বিচার করো। ১০

৫। কাশীরাম দাসের কাব্য রচনাকাল ও কবিকৃতির পরিচয় দাও। ১০

৬। ধর্মমঙ্গল কাব্যধারায় কবি রূপরাম চক্রবর্তীর অবদান আলোচনা করো। ১০

## একক ৩

৭। ঘনরামের 'ধর্মমঙ্গল' কাব্যের ঐতিহাসিক অবস্থান পর্যালোচনা করো। ১০

৮। অষ্টাদশ শতকের সামাজিক ও সাংস্কৃতিক ইতিহাস আলোচনা প্রসঙ্গে বাংলা সাহিত্যে 'অন্নদামঙ্গল' কাব্যের গুরুত্ব বিশ্লেষণ করো। ১০

৯। অষ্টাদশ শতকের বৈষ্ণব পদসংকলনগুলির পরিচয় দাও। ১০

১০। টীকা লেখো (যে-কোনো দুটি) ২x৫ = ১০

(ক) বিভিন্ন ভারতীয় ভাষায় চর্যাগীতির পরিগ্রহণ

(খ) মালাধর বসু

(গ) মুকুন্দরাম চক্রবর্তীর কাব্য রচনাকাল

(ঘ) বলরামদাস

(ঙ) রামপ্রসাদী গান

(চ) নিধুবাবুর টপ্পা

# স্নাতকোত্তর পরীক্ষা—২০২২

## বাংলা

### সেমেস্টার : ১ কোর্স : ২

### (প্রাগাধুনিক পর্বের নির্বাচিত গ্রন্থ)

**সময় : ৩ ঘণ্টা** **পূর্ণমান : ৪০**

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

**১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও**

### একক - ১

১। 'চর্যাগীতি'র পাঠ্য একটি পদ অবলম্বনে সহজিয়া বৌদ্ধদের ধর্ম-দর্শন বিশ্লেষণ করো। ১০

২। 'চর্যাগীতি'র ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো। ১০

৩। "চর্যাগীতিতে প্রাচীন বাঙালির বৃত্তিবিভাজন লক্ষ্য করা যায়।" — দৃষ্টান্তসহ তোমার অভিমত দাও। ১০

### একক - ২

৪। 'পদ্মাপুরাণ' কাব্য রচনায় কবি বিজয়গুপ্তের কৃতিত্ব বিচার করো। ১০

৫। "বিজয়গুপ্তের 'পদ্মাপুরাণ' কাব্যে নানা রসবৈচিত্র্যের প্রকাশ ঘটেছে।" -- মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১০

৬। 'পদ্মাপুরাণ' কাব্যে অপ্রধান চরিত্র সৃষ্টিতে কবি বিজয়গুপ্তের যে মুন্সিয়ানার পরিচয় পাওয়া যায় তা আলোচনা করো। ১০

### একক - ৩

৭। 'অন্নদামঙ্গল' কাব্য অবলম্বনে ভণিতা ব্যবহারে ভারতচন্দ্রের কৃতিত্ব বিচার করো। ১০

৮। "ভারতচন্দ্রের কবিত্বশক্তি স্বল্প রেখায় আঁকা পার্শ্বচরিত্রেও প্রকাশ পেয়েছে।" -- 'অন্নদামঙ্গল' কাব্যের দুটি নারী এবং দুটি পুরুষ চরিত্র বিশ্লেষণ করে তা প্রমাণ করো। ১০

৯। 'অন্নদামঙ্গল' কাব্যের কাহিনি গ্রন্থনে ভবানন্দের গুরুত্ব আলোচনা করো। ১০

১০। টীকা লেখো (যে-কোনো দুটি) : ২×৫ = ১০

ক) "সুনুপাখ ভিতি লেহুরে পাস।"

খ) 'চর্যাগীতি'র তিব্বতি অনুবাদ

গ) 'পদ্মাপুরাণ' কাব্যে নারীগণের পতিনিন্দার স্বাতন্ত্র্য

ঘ) 'পদ্মাপুরাণ' কাব্যে হাসন-হুসন যুদ্ধপালার গুরুত্ব

ঙ) মানসিংহ

চ) বিশ্বকর্মা

———

স্নাতকোত্তর পরীক্ষা ২০২২ বাংলা

সেমেস্টার – ১ কোর্স – ৩

## প্রাচীন-মধ্যযুগ : নির্বাচিত টেক্সট

সময় – ৩ ঘণ্টা পূর্ণমান- ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

### একক-১

১। "আদিরসের প্রাবল্য সত্ত্বেও 'শ্রীকৃষ্ণকীর্তন' রসবৈচিত্রপূর্ণ কাব্য।"— এ বিষয়ে তোমার অভিমত দাও। ১০

২। "রাধাকৃষ্ণ প্রেমলীলায় বড়ায়ি কুট্টিনী বা দূতীর ভূমিকায় অবতীর্ণ, তবু বড়ায়ি স্বাতন্ত্র্য মণ্ডিত চরিত্র।" — 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য অবলম্বনে মন্তব্যের যাথার্থ্য বিচার করো। ১০

৩। 'বৃন্দাবনখণ্ড'-এর কাহিনিচিত্রণে বড়ু চণ্ডীদাসের কৃতিত্বের পরিচয় দাও । ১০

### একক-২

৪। 'পিরিতি সুখের সায়র দেখিয়া' এবং 'পিরিতি পিরিতি কি রীতি মূরতি' — এই দুটি পদ কোন কোন দিক থেকে পরস্পরের পরিপূরক তা বুঝিয়ে দাও। ১০

৫। 'মনের মরম কথা তোমারে কহিয়ে এথা' ও 'আলো মুঞি জানো না, জানিলে যাইতাম না কদম্বের তলে' এই দুটি পদ একই কবির ভিন্ন পর্যায়ের রচনা হওয়া সত্ত্বেও আবেদনে এরা অভিন্ন । — আলোচনা করো । ১০

৬। গোবিন্দদাসের প্রসিদ্ধ অভিসারের পদ 'কণ্টক গাড়ি কমল সম পদতল'-এর 'প্রাক্‌রূপ' বা উৎস যা ছিল কেবল বর্ণনা, তাকেই প্রতিভাধর কবি হৃদয়ানুরাগের তাপে জারিত করে নবজীবন দান করেছেন। — আলোচনা করো। ১০

### একক-৩

৭। "সত্য এই হেতু কিন্তু এহো বহিরঙ্গ ।
আর এক হেতু শুন আছে অন্তরঙ্গ।।"— 'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থের ~~মধ্য~~ আদি খণ্ড : চতুর্থ পরিচ্ছেদ অবলম্বনে উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

৮। "প্রভু কহে এই সাধ্যাবধি সুনিশ্চয় ।
কৃপা করি কহ যদি আগে কিছু হয়।।"— 'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থের মধ্য খণ্ড : অষ্টম পরিচ্ছেদ অবলম্বনে বিষয়টি আলোচনা করো।

৯। 'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থের অন্ত্যখণ্ড : বিংশ পরিচ্ছেদ অবলম্বনে শিক্ষাষ্টক শ্লোকের বিষয় আলোচনা করো। ১০

১০। টীকা লেখো (যে-কোনো দুটি): ২ × ৫ = ১০

ক) 'বড়ার বহুআরী আহ্মে বড়ার ঝী ।
মোর রূপ যৌবনে তোহ্মাতে কী ।।'

খ) 'এ ধন বসতী সব তেজিবাক পারী।
দুসহ বচনতাপ না সহে মুরারি।।'

গ) 'কতিখনে আওব কুঞ্জরগমনী।।'

ঘ) 'হিঙ্গুল গুলিয়া কালার অঙ্গে কে দিয়াছে গো
কালিন্দী পূজিল করবীরে'

ঙ) 'সচ্চিৎ আনন্দময় কৃষ্ণের স্বরূপ।'

চ) 'রসিক শেখর কৃষ্ণ পরম করুণ।'

-------------------

**স্নাতকোত্তর পরীক্ষা ২০২২**

**বাংলা**

**সেমেস্টার: ১** **কোর্স: ৪**

**ভাষাতত্ত্ব**

**সময়: ৩ ঘণ্টা** **পূর্ণমান: ৪০**

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর প্রদান আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি প্রশ্নের উত্তর দাও

একক-১

১। পূরকরূপের (Allomorph) সংজ্ঞা ও উদাহরণ দাও। বাংলায় পূরকরূপগুলি কীভাবে শর্তাধীন আলোচনা করো। ২+২+৬=১০

২। প্রাচীন, মধ্য ও আধুনিক বাংলা ভাষায় লিঙ্গের (Gender) ব্যবহার সম্পর্কে আলোচনা করো। ১০

৩। ঐতিহাসিক বিচারে বাংলায় উদ্ভূত প্রত্যয় সম্পর্কে একটি নিবন্ধ রচনা করো। ১০

একক-২

৪। চমস্কির তত্ত্ব অনুসারে বৈশ্বিক ব্যাকরণ সম্পর্কে আলোচনা করো। ১০

৫। সংবর্তন কত প্রকার ও কী কী? বাংলা বাক্যের বিলোপনের বিভিন্ন ধরন সম্পর্কে উদাহরণসহ লেখো। ২+৮=১০

৬। চমস্কির তত্ত্ব অনুসারে অধোগঠন (Deep Structure) ও অধিগঠন (Surface Structure) সম্পর্কে আলোচনা করো। ১০

একক-৩

৭। গ্রিমের ধ্বনিসূত্র সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো। ১০

৮। ইন্দো-ইউরোপীয় ভাষাবংশের শাখাগুলির নাম লেখো। এই শাখাগুলির মধ্যে যে-কোনো দুটি শাখার সংক্ষিপ্ত পরিচয় দাও। ২+৮=১০

৯। মধ্য-ভারতীয় আর্যভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যের পরিচয় দাও। ১০

১০। টীকা লেখো (যে-কোনো **দুটি**): ২x৫=১০

(ক) বাংলা ও বিদেশি প্রত্যয়

(খ) অনুসর্গ

(গ) পারঙ্গমতাবোধ (Competence)

(ঘ) Finite State Grammar

(ঙ) প্রাচীন ভারতীয় আর্যভাষার পাঁচটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য

(চ) বাহ্যিক পুনর্গঠন